

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGP/CC-T-2

(বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) গদ্যের বিকাশ থেকে
সাময়িকপত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) রামরাম বসু রচিত প্রথম বাংলা হরফে মুদ্রিত গদ্যগ্রন্থটির নাম কী? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে রচিত হয়েছিল?
- খ) 'সংবাদ প্রভাকর' পত্রিকাটির প্রথম সম্পাদকের নাম ও প্রকাশ সালটি উল্লেখ করো।
- গ) রামমোহন রায় রচিত একটি অনুবাদকমূলক এবং একটি মৌলিক গ্রন্থের নাম লেখো।
- ঘ) কোন্টি কার রচনা উল্লেখ করো — 'বত্রিশ সিংহাসন', 'কালান্তর', 'ইছামতী', 'শাস্তি'।
- ঙ) বিদ্যাসাগর রচিত দু'টি মৌলিক গ্রন্থের নাম লেখো।

- চ) কারক কাকে বলে? এটি কত প্রকার ও কী কী?
- ছ) মাইকেল মধুসূদন দত্তের প্রথম কাব্যগ্রন্থ কোন্টি? এটি কোন্ ছন্দে রচিত?
- জ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ উল্লেখ করো।
- ঝ) জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থটির নাম কী? তাঁর মৃত্যুর পরে প্রকাশিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ঞ) বঙালী উপভাষার দু'টি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ট) কোন্ নাটকটি কার রচনা? — 'সীতার বনবাস' 'পদ্মাবতী' 'বিসর্জন' 'মেবারপতন'।
- ঠ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রতিষ্ঠাতা কে? পত্রিকাটি পরবর্তীতে কী নামে পুনরায় প্রকাশিত হয়েছিল?
- ড) মধ্য বাংলা ভাষাকে কয়টি পর্বে ভাগ করা যায়? যে-কোনো একটি পর্বের দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ঢ) বাংলা সাহিত্যে ত্রয়ী বন্দ্যোপাধ্যায় নামে কারা পরিচিত? তাঁদের একটি করে উপন্যাসের নাম উল্লেখ করো।
- ণ) উদাহরণসহ 'স্বরভক্তি'র পরিচয় দাও।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ৫ = ২০$
- ক) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বিভিন্ন কাব্যের পরিচয় দিয়ে তাঁর কাব্য বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করো।
- খ) উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য নিরূপণ করো।
- গ) সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো দুটি):
- অ) বাংলা ব্যাকরণে 'পুরুষ' (আ) সবুজপত্র (ই) 'পথের পাঁচালী' (ঈ) বীরাসনা

- ঘ) ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।
ঙ) সাম্প্রতিক বাংলা ভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।
চ) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘বাংলা ছোটগল্পের প্রথম সার্থক রূপকার রবীন্দ্রনাথ’ — এই মন্তব্যের আলোকে বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।
খ) ‘শব্দভাণ্ডার’ কথাটির অর্থ কী? বাংলা ‘শব্দভাণ্ডার’ সম্পর্কে আলোচনা করো।
গ) দীনবন্ধু মিত্রের নাট্য প্রতিভার স্বরূপ নির্দেশ করে বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব বুঝিয়ে দাও।
ঘ) বিষয়ভিত্তিক সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো দুটি) :
অ) মীর মোশারফ হোসেন
আ) উপন্যাসিক বঙ্কিমচন্দ্র
ই) নাট্যকার মন্মথ রায়
ঈ) সবুজপত্র